ঝিনাইদহে আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস পালিত

‘কোভিড-১৯ প্রেক্ষাপটে প্রতিবন্ধী ব্যক্তিকে সম্পৃক্ত করি, নতুন ভাবে টেকসই বিশ্ব গড়ি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা কার্যালয়ের আয়োজনে বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

এসময় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল লতিফ সেখ, পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপ-পরিচালক ডা: জাহিদ আহম্মেদ, জেলা যুব উন্নয়ন কর্মকর্তা রিয়াজুল আলম খান, জেলা তথ্য অফিসার আবু বক্কর সিদ্দিক, জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা বাবলুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, মহামারি কোভিড পরিস্থিতিতে টেকসই দেশ তথা বিশ্ব গড়তে সকলকে প্রতিবন্ধীদের পাশে দাড়ানোর আহ্বান জানান।

পরে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের পক্ষ থেকে শারীরিক, বাক ও শ্রবন প্রতিবন্ধীদের মাঝে স্বাস্থ্য সহায়ক উপকরণ বিতরণ করা হয়।

হরিণাকুণ্ডুতে লাটাহাম্বারের ধাক্কায় মোটরসাইকেল চালক নিহত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে তিনদিন না পেরুতেই আবার ইটভাটার ইট বোঝাই লাটাহাম্বারের ধাক্কায় এক মোটরসাইকেল চালক নিহত হয়েছে।

ঘটনাটি ঘটেছে উপজেলার তাহেরহুদা ইউনিয়নের নারায়নকান্দী গ্রামে বালু ব্যবসায়ী আক্তারের বাড়ীর সামনের রাস্তায়।

মোটরসাইকেল চালক খলিলুর রহমান (৫০) পৌরসভার ৪নং ওয়ার্ড

চিথলীয়াপাড়ার মৃত দেলশাদ লষ্করের ছেলে। সে পৌরসভার নৈশপ্রহরী হিসাবে কর্মরত ছিলেন।

মৃত খলিলের সাথে থাকা আহত পৌর কর্মচারী হাবিবুর রহমামান জানান, বৃহস্পতিবার দুপুর ২টার দিকে পৌরসভার নৈশপ্রহরী খলিলুর রহমান মটরসাইকেলের কাগজপত্র আনার জন্য আলমডাঙ্গা শো-রুমে যাওয়ার পথে নারায়নকান্দী গ্রামের আক্তারের বাড়ীর সামনে পৌছালে বিপরীত দিক থেকে ইটবোঝাই ঘাষবিলা গ্রামের ভিভিবি ভাটার লাটাহাম্বার তাদের অন্যায় ভাবে ধাক্কাদিলে তারা আহত হয় ।

স্থানীয়রা তাদের উদ্ধার করে হরিণাকুণ্ডু স্বাস্থ্য কমপ্লেক্সে আনলে খলিলুর রহমানের আবস্থার অবনতী হলে কর্তব্যরত ডাক্তার তাকে কুষ্টিয়া সদর হাসপাতালে রেফার্ড করে কুষ্টিয়া যাওয়ার পথেই তার মৃত্যু হয়।

এ ব্যাপারে হরিণাকুণ্ডু থানা অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা জানান, উপজেলার নারায়নকান্দী বাজারের নিকটবর্তী স্থানে লাটাহাম্বা ও মোটরসাইকেল দূর্ঘটনায় পৌরসভার নৈশপ্রহরী খলিলুর রহমান আহত হয়, পরে কুষ্টিয়া নেওয়ার পথে তার মৃত্যু হয়। রিপোর্ট লেখা পর্যন্ত এঘটনায় থানায় মামলার প্রস্তুতি চলছিল।

এবার গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নেবে আরও ১৯ বিশ্ববিদ্যালয়

দেশের ১৯টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই গুচ্ছের অধীনে মানবিক, বাণিজ্য ও বিজ্ঞান- এ তিনটি বিষয়বস্তুর ওপর পরীক্ষা নেয়া হবে। এসব পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে সরাসরি ভর্তি পরীক্ষা হবে। উচ্চ মাধ্যমিকের পাঠ্যসূচির ওপর ভিত্তি করে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।

গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণের বিষয়ে সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সঙ্গে এক মতবিনিময় সভায় মঙ্গলবার চূড়ান্তভাবে এ সিদ্ধান্ত নেয়া হয়।

গত ২৬ ফেব্রুয়ারি পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে তিনটি গুচ্ছে ভর্তি পরীক্ষা গ্রহণের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত হয়েছিল।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহর সভাপতিত্বে সভায় ইউজিসি সদস্য প্রফেসর ড. মো. সাজ্জাদ হোসেন, প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ ও প্রফেসর ড. মো. আবু তাহের উপস্থিত ছিলেন।

সভায় সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গুচ্ছের যুগ্ম আহ্বায়ক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মীজানুর রহমান বলেন, উপাচার্যদের সমন্বয়ে গঠিত কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি এ গুচ্ছের ভর্তি পরীক্ষার পদ্ধতি নির্ধারণ করবেন। কমিটি ভর্তি পরীক্ষা নিয়ে শিক্ষার্থীদের একটি স্কোর দেবেন। এ গুচ্ছের বিশ্ববিদ্যালয়গুলো নিজ নিজ শর্ত ও চাহিদা উল্লেখ করে শিক্ষার্থী ভর্তি বিষয়ে পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করবে। স্কোর নিয়ে বিশ্ববিদ্যালয়গুলো শিক্ষার্থী ভর্তি করবে। এজন্য আলাদা করে কোনো ধরনের ভর্তি পরীক্ষা নেয়া হবে না।

অপর যুগ্ম আহ্বায়ক শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, গুচ্ছ পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা আয়োজন সময়ের দাবি। করোনা পরিস্থিতি আরও বাস্তব করে তুলেছে এ দাবি। অভিন্ন প্রক্রিয়ায় সুষ্ঠুভাবে পরীক্ষা আয়োজনে আমরা সার্বিক প্রচেষ্টা চালাব।

সভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে ইউজিসি চেয়ারম্যান প্রফেসর কাজী শহীদুল্লাহ বলেন, করোনার কারণে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা হতে বিশ্ববিদ্যালয়ের পিছু হঠার সুযোগ নেই। শিক্ষার্থী ও অভিভাবকদের কথা চিন্তা করে সরাসরি ও সহজ উপায়ে ভর্তি পরীক্ষা নেয়ার বিষয়ে প্রস্তুতি গ্রহণের জন্য তিনি উপাচার্যদেরকে আহ্বান জানান।

উল্লেখ্য, কৃষিবিষয়ক ৭টি বিশ্ববিদ্যালয়ে গত বছর স্নাতক শ্রেণিতে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। দেশে বর্তমানে ৪৮টি পাবলিক বিশ্ববিদ্যালয় আছে। এর মধ্যে ৩৯টিতে স্নাতক পর্যায়ে শিক্ষার্থী ভর্তি করা হয়। সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী, ২৮

বিশ্ববিদ্যালয় গুচ্ছ পদ্ধতির ভর্তি পরীক্ষায় যুক্ত হল।

মেহেরপুরে আরও দুইজন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। আক্রান্তদের মধ্যে একজন গাংনী উপজেলার অপর জন মেহেরপুর সদরের বাসিন্দা।

মঙ্গলবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৩ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ২ জনের। আর নেগেটিভ আসে ১২ জনের।

সূত্রে আরো জানা যায়, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪৯২৭ টি, সর্বমোট পজিটিভ ৭১৭ জন, সুস্থ ৬২৭ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৬ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ১৭ (সদরে-০৭, গাংনীতে- ০৪ ও মুজিবনগরে- ০৬) জন।

ভিন্নসূত্রে পাওয়া পাওয়া পজিটিভের পরিচয়- গাংনী উপজেলার পূর্ব মালসাদহের সুলতানা আঁখি(৩০), অপর একজন হলেন মেহেরপুরের নতুন পোস্ট অফিস পাড়ার আব্দুর রব(৪৪)।

কুষ্টিয়ায় পথশিশুদের মাঝে খাবার বিতরণ

কুষ্টিয়ায় স্বপ্ন প্রয়াস যুব সংস্থার উদ্যোগে পথশিশুদের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার দুপুরে খাবার বিতরণ অনুষ্ঠানে সংগঠনের সভাপতি সাদিক হাসান রহিদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের প্রধান উপদেষ্টা সম্মিলিত সামাজিক জোটের চেয়ারম্যান, দৈনিক কুষ্টিয়ার সম্পাদক বিশিষ্ট লেখক ও গবেষক ড. আমানুর আমান।

তিনি বলেন, স্বপ্ন প্রয়াস যুব সংস্থা একটি বেসরকারি সে¦চ্ছাসেবী সংগঠন। তারা নিজেরা নিজেদের জমানো টাকায় মানবতার কল্যাণে কাজ করে। অসুস্থদের পাশে দাঁড়ায়, শীতার্তদের জন্য শীতবস্ত্র বিতরণ, অনাহারীর মুখে খাবার তুলে দেওয়ার মতো কাজও তারা করে থাকে। একই সাথে বাল্যবিয়ে রুখতে সাহসী ভুমিকাও পালন করেছে এই সংগঠনটি। আশা করি স্বপ্ন প্রয়াস যুব সংস্থা সামনে আরো ভালো ভালো কাজ করবে।

এ সময় দৈনিক মাটির পৃথিবী পত্রিকার সম্পাদক এমএ জিহাদ, আলো সে¦চ্ছাসেবী পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক ফিরোজ আহমেদ, সাংবাদিক এস এম জামাল, মানুষ মানুষের জন্য ফাউন্ডেশনের শাহাবুদ্দিন মিলন, সৃজনী শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালক শাহাবুদ্দিন আহমেদ, সাংবাদিক নাব্বির আল নাফিজ, ডাবলু জীবন, সংগঠনের সাধারণ সম্পাদক মেহেরাব হাসান মুশফিক, উপদেষ্টা সদস্য আসিফ মুতবা, সহ-সভাপতি ফারসা নাহার নৌশি, মোঃ রিফাত, উজ্জ্বল শেখ, তানজিল, রাহুল, সাব্বির, একশন এইড বাংলাদেশের ইন্সপাইরেটর জনাব হাবিবা খানম, জান্নাতুল ফেরদৌস উন্নতি, ফিল্ড এসোসিয়েট রিয়া আক্তার চাঁদনীসহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

সংগঠনটির সভাপতি সাদিক হাসান রহিদ বলেন, আমরা বন্ধুরা মিলে অল্প অল্প সঞ্চয় করে রাখা অর্থ দিয়ে সমাজের বিভিন্ন ভালো কাজের সাথে সম্পৃক্ত থাকার চেষ্টা করি। ভবিষ্যতে আরও ভালো কিছু করতে সকলের সহযোগীতাও কামনা করেন।

প্রসঙ্গত, কুষ্টিয়ায় স্বপ্ন প্রয়াস যুব সংস্থা একটি সুন্দর সমাজ গড়ার প্রত্যয়ে এবং একটি মানব কল্যাণমুখী সামাজিক সংগঠন হিসেবে দীর্ঘ চার বছর ধরে কাজ করে আসছে।

কুষ্টিয়ায় এমপি হানিফ করোনামুক্ত হওয়ায় দোয়া মাহফিল

বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মাহবুব-উল আলম হানিফ এর করোনা মুক্তি লাভ হওয়ায় এবং তার স্ত্রী ফৌজিয়া আলমের রোগমুক্তির জন্য দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের স্বরুপদহ খাঁ পাড়ার মোড়ে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সহ সভাপতি নুরুল মৃধার সভাপতিত্বে ও জেলা কৃষক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক শরীফুল ইসলামের সঞ্চালনায় দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্য রাখেন ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোশাররফ হোসেন। স্বাগত বক্তব্য দেন কুষ্টিয়া জেলা কৃষক লীগের সহ-সভাপতি বিশিষ্ট সমাজসেবক ইব্রাহিম খলিল।

এছাড়াও অন্যান্যদের মধ্যে মিরপুর উপজেলা সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান শারমিন আক্তার নাসরিন, মিরপুর উপজেলা শ্রমিক লীগের সহ-সভাপতি সেলিম হাসান, মিরপুর উপজেলা কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক মকবুল হোসেন, মিরপুর উপজেলা মৎস্যজীবী লীগের সভাপতি বেনজির আহমেদ পলাশ, মিরপুর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রাহাতুজ্জামান রাহাত, জেলা ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক তানভীর আহমেদ রনজু, ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সহ-সভাপতি খালেকুজ্জামান ভুট্টো, ওয়ার্ড আওয়ামী লীগের প্রচার সম্পাদক বিশিষ্ট ব্যবসায়ী মুক্তারুজ্জামান মুক্তার, শাজাহান স্মৃতি সংসদের সাংগঠনিক সম্পাদক সাইফুদ্দিন ইসলাম বাবুল, ২ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সভাপতি হায়দার আলী মন্ডল, উপজেলা কৃষকলীগের ধর্মীয় বিষয়ক সম্পাদক ইউনুস আলি ও প্রচার সম্পাদক শফিকুল ইসলাম শফি সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

দোয়া মাহফিলে আওয়ামী লীগ নেতাসহ অসুস্থ সকল সদস্য ও পরিবারবর্গের সুস্থতা কামনা করে দোয়া করা হয়। দোয়া পরিচালনা করেন স্বরুপদহ দারুল মাদ্রাসার খতিব মাওলানা ইব্রাহিম কাশেমী।

এ সময় স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ৯ কেজি রূপাসহ আটক ২

ঝিনাইদহে পাচারের সময় ৯ কেজি ১’শ গ্রাম রূপাসহ ২ জনকে আটক করেছে গোয়েন্দা পুলিশ (ডিবি)। গতকাল সোমবার দুপুরে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের সদর উপজেলার সাধুহাটি এলাকা থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো-চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার গয়েশপুর গ্রামের রফিউদ্দিনের ছেলে সাইফুল ইসলাম (৩৮) ও সুন্নত আলীর ছেলে শাহজাহান আলী (৪০)।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে চুয়াডাঙ্গা থেকে বাস যোগে চোরাকারবারীরা রূপা পাচার করছে। এমন সংবাদের ভিত্তিতে সাধুহাটি এলাকায় চেকপোস্ট বসানো হয়।

এ সময় চুয়াডাঙ্গা থেকে ঝিনাইদহগামী একটি যাত্রীবাহি বাস তল্লাশি করে শাহজাহান আলী ও সাইফুল ইসলামকে আটক করা হয়। পরে তাদের ব্যাগ থেকে ৯ কেজি ১’শ গ্রাম রূপা উদ্ধার করা হয় । এ ঘটনায় ডিবির পক্ষ থেকে মামলার প্রস্তুতি চলছে।

ঝিনাইদহে রোগ প্রতিরোধে খাদ্য বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

ঝিনাইদহে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি ও কোভিড-১৯ ব্যবস্থাপনার জন্য উপযুক্ত খাদ্য বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার দিনব্যাপী ঝিনাইদহ সদর উপজেলার মধুপুরে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)’এ এই সেমিনার অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর অধ্যক্ষ কৃষিবিদ জাহিদুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারটানের নির্বাহী পরিচালক হাবিবুর রহমান খান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারটানের পরিচালক কাজী আবুল কালাম।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্য বিভাগের সহকারী অধ্যাপক তানভীর আহমেদ। অনুষ্ঠানটি পরিচালনা করেন বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) ঝিনাইদহ আঞ্চলিক কার্যালয়ের উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা কৃষিবিদ নুর আলম সিদ্দিকী।

বক্তারা, মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি ও কোভিড-১৯ এর জন্য খাদ্য ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করেন। সেমিনারে জেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, শিক্ষক, কৃষিবিদ, মসজিদের ইমাম, পুরোহিতসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশগ্রহণ করেন।

কোটচাঁদপুরে ৪ মাসে ৮ টি চুরি ছিনতাইয়ের ঘটনা

ঝিনাইদহের কোটচাঁদপুরে কোন প্রকার প্রতিকূলতা ছাড়ায় একের পর এক মোটরসাইকেল চুরি ও ছিনতাইয়ের ঘটনা ঘটছে । এ যেন আলাদিনের চেরাগের মত, নেই কোন বাধা, পড়েনা ধরা, হয় না জেল জরিমানা । সল্প সময়ে অভিনব কায়দায় মোটরসাইকেল চোর চক্রের সদস্যরা চুরি করছেন প্রয়োজনীয় ও শখের এই যানটি।

ভুক্তভোগীরা সংশ্লিষ্ট থানায় জিডি কিংবা অভিযোগ এমনকি মামলা করেও মিলছে না কোন প্রতিকার। বিপরীতে ভুক্তভোগীদের বিভিন্ন সময়ে হয়রানীর শিকার হতে হচ্ছে।

সাধারণ মানুষ থেকে শুরু করে পুলিশ, সাংবাদিক কেউই রেহাই পাচ্ছে না সংঘবদ্ধ এই চক্রের হাত থেকে। বাড়ি কিংবা অফিস, বাজার সব খানেই চক্রের এই সদস্যদের বিচরণ। শুধুমাত্র রাতের আঁধারেই না, দিনের আলোতেও জনসম্মুখে চলছে এ চক্রের সদস্যদের হানা।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, রবিবার সকালে কোটচাঁদপুর কলেজ বাসস্ট্যান্ডের ন্যাশনাল কম্পিউটারের পাশ থেকে প্রাইভেট পড়ার সময় মুনতাসির ছুয়াগ নামের এক ছাত্রের একটি মোটরসাইকেল চুরি হয়। এর আগে একই স্থান থেকে ওই কম্পিউটার সেন্টারে আসা জনৈক ব্যক্তির চুরি হয় একটি বাইসাইকেল।

গেল আগষ্ট মাসে মামুনশিয়া গ্রামের নয়ন ও কাগমারী গ্রামের শুভ নামের দুই যুবকের মোবাইল ছিনতাই হয়।

১০ সেপ্টেম্বর ছিনতাইয়ের শিকার হন সলেমানপুরের এক গৃহবধু। ২ নভেম্বর তালসার-কোটচাঁদপুর রাস্তা থেকে ছিনতাই হয় এক গৃহবধুর গলার চেইন। ১৫ নভেম্বর টি এন্ড টি অফিসের সামনে থেকে এক পথচারী মহিলার এবং তার কিছুদিন আগে টি এন্ড টি পাড়ার সলেমানের মেয়ে ছোয়ার গলার চেইন ছিনতাই হয়।

এ সব ছিনতাইয়ের বেশির ভাগ ঘটনা সংঘটিত হয়েছে মোটরসাইকেলে করে। যার অধিকাংশ হয়েছে পৌর শহরের মধ্যে। এদিকে এ সব ঘটনার কোন প্রতিকার না পেয়ে হতাশ হচ্ছে সাধারণ মানুষ।

এ ঘটনায় কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলমের সঙ্গে কথা হলে তিনি বলেন, মোটরসাইকেলের বিষয় নিয়ে এখনও কেউ অভিযোগ করেনি। চুরি ছিনতাইয়ের ঘটনায় পুলিশ কাজ করছে।

কালীগঞ্জে ‘বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ২০২০’

আয়োজিত

ঝিনাইদহের কালীগঞ্জে ৪২তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ২০২০ উদযাপন উপলক্ষে কালীগঞ্জ উপজেলা প্রশাসন কর্তৃক স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে বিজ্ঞান মেলার আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার জনাব সূবর্ণা রাণী সাহার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ ৪ আসনের সাংসদ মোঃ আনোয়ারুল আজীম আনার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর সিদ্দিক, ভাইস চেয়ারম্যান মোঃ শিবলী নোমানী, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহানাজ পারভীন ।

মেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা তাদের বিভিন্ন উদ্ভাবনী প্রযুক্তি প্রদর্শন করেন। মেলা শেষে বিজয়ীদের মাঝে পুরষ্কার প্রদান করা হয়।

এ সময় উপজেলার বিভিন্ন কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ ও স্টলে অংশগ্রহণকারী শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।